

24 ফেব্রুয়ারি 2025

## সাফল্যের পুনর্নির্মাণ: DCSD উপদেষ্টা কমিটি সীমানা নির্ধারণের জন্য গুরুত্বপূর্ণ কাজ চালিয়ে যাবে

(STONE MOUNTAIN)- "আমরা কেবল রেখাগুলি পুনর্নির্মাণ করছি না - আমরা একটি সম্পূর্ণ বাস্তুতন্ত্র পুনর্নির্মাণ করছি।" এই কথাগুলোর মাধ্যমে, DeKalb County School District (DCSD) এর স্টুডেন্ট অ্যাসাইনমেন্টের এক্সিকিউটিভ ডিরেক্টর Sarita Smith, Miller Grove High School-এ 29 জানুয়ারি সম্মিলিত সাউথইস্ট এবং সাউথওয়েস্ট স্টুডেন্ট অ্যাসাইনমেন্ট প্রজেক্ট (SAP) উপদেষ্টা কমিটির সভায় বক্তৃত্য রেখেছেন।

কয়েক মাস ধরে, SAP কমিটিগুলি DCSD স্কুলগুলিতে শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট পর্যালোচনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এটি এমন একটি প্রক্রিয়া যা উপস্থিতির সীমানা সামঞ্জস্য করার থেকেও বেশি কিছু। শিক্ষক, অভিভাবক, কমিউনিটি পার্টনার এবং স্থানীয় নেতাদের সমন্বয়ে গঠিত, এই কমিটিগুলি উত্তর, মধ্য, দক্ষিণ-পশ্চিম এবং দক্ষিণ-পূর্ব DeKalb সামলায়।

এই কমিটিগুলি শিক্ষা বোর্ড এবং জেলা নেতৃত্বদের কাছে নিরপেক্ষ, তথ্য-ভিত্তিক সুপারিশ প্রদানের জন্য প্রতি মাসে বৈঠক করে। তদের গুরুত্বপূর্ণ অবদানের মধ্যে রয়েছে:

- ন্যায়সঙ্গত সীমানা, সুবিধা ব্যবহার এবং প্রোগ্রাম উন্নয়নের প্রস্তাব করা।
- বৈষম্য দূরীকরণ এবং সকল শিক্ষার্থীর জন্য শিক্ষার সুযোগ উন্নত করার উপায় চিহ্নিত করা।
- স্কুলে পারিবারিক এবং কমিউনিটি সম্পৃক্ততা বৃদ্ধির বিষয়ে অন্তর্দৃষ্টি প্রদান করা।

পরিশেষে, এই সহযোগিতামূলক "পুনর্কল্পনা" প্রক্রিয়াটি শিক্ষার্থী এবং পরিবারদেরকে আরও ভালভাবে পরিষেবা প্রদানের জন্য প্রোগ্রাম পর্যালোচনা, কমিউনিটির প্রতিক্রিয়া এবং সম্ভাব্য পুনর্গঠনের উপর জোর দেয়।

29 জানুয়ারি সেশনের মূল বিষয়সমূহ হলো:

### আর্থিক দায়িত্ব এবং পুনর্নির্মাণ

স্কুলের শিক্ষার্থীর সংখ্যার ব্যবস্থাপনা অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ কম শিক্ষার্থীর সংখ্যা সম্পন্ন কেন্দ্রের জন্য কর্মী নিয়োগ, নিরাপত্তা এবং রক্ষণাবেক্ষণের মতো উচ্চ খরচ বহন করতে হয়। কিছু স্কুলে অতিরিক্ত শিক্ষার্থীর সংখ্যা কমাতে এবং অন্য স্কুলগুলিতে অপ্রয়োজনীয়তার সমস্যা সমাধানের জন্য সম্পদের কার্যকরভাবে পুনর্বর্ণন করাও অপরিহার্য।

### কমিউনিটি সম্পৃক্ততা ও সহায়তা

পরিবাররা এলিমেন্টের থেকে হাই স্কুল পর্যন্ত পরিষ্কার ফিল্ডার পাথের গুরুত্ব দেয়, তাই নৈকট্যের উপর ভিত্তি করে স্কুলের সীমানা সামঞ্জস্য করা হলে বর্ধিত শিক্ষার্থী সংখ্যার সাথে কার্যকরভাবে সামলানো যায়। তাছাড়া, কমিউনিটি মিটিং, সোশ্যাল মিডিয়া, এবং স্কুলের ইতিবাচক গল্প শেয়ার করার মাধ্যমে ধারাবাহিক স্বচ্ছতার বিশ্বাস গড়ে তুলতে এবং পরিবর্তনের প্রতিরোধ কমাতে সাহায্য করবে।

## ম্যাপিং এবং পরিকল্পনায় চ্যালেঞ্জ এবং সুযোগ

কমিটির সদস্যরা কঠোর ভৌগোলিক অঞ্চল থেকে সরে এসে এমন সব মডেলের স্থানান্তরিত হওয়ার কথা বিবেচনা করেছিলেন, যেখানে ব্যক্তিগত পছন্দকে উৎসাহিত করা হয় এবং ভাগ করা আঞ্চলিক সীমানার স্বীকৃতিও পাওয়া যায়। তারা 20 থেকে 50 বছরের দৃষ্টিভঙ্গির উপর জোর দিয়ে, পিতামাতার সম্পৃক্ততার জন্য হাতে-কলমে শেখার সুযোগ বৃদ্ধি এবং প্রযুক্তির উন্নতির মাধ্যমে শিক্ষাগত অভিজ্ঞতা প্রদানের পরামর্শ দিয়েছে।

### স্কুলের অভিজ্ঞতা পুনর্নির্মাণ

কমিউনিটির প্রতিক্রিয়া, তালিকাভুক্তির প্রবণতা এবং ভবিষ্যতের কর্মীবাহিনীর চাহিদার একটি পুরুষানুপুর্খ বিশ্লেষণ প্রোগ্রাম প্লেসমেন্ট, পরিবহনের চাহিদা এবং তালিকাভুক্তির ক্ষমতা সম্পর্কিত সিদ্ধান্তের বিষয়ে অবহিত করবে। এছাড়াও, ডিস্ট্রিক্ট নেতৃত্বের উচিত তাৎক্ষণিক তালিকাভুক্তির বাড়াকমা বাইরের বিষয়গুলিও বিবেচনা করা। এই লক্ষ্যে, DCSD একটি আধুনিক, অভিযোজিত ব্যবস্থা তৈরির জন্য কাজ করছে যার মাধ্যমে শিক্ষার্থীদের ধারাবাহিকতা নিশ্চিত করা হয় এবং আর্থিকভাবে স্বচ্ছল থাকে।

কমিটিগুলি যখন তথ্য বিশ্লেষণ করে এবং প্রস্তাবগুলি পরিমার্জন করে, তখন তাদের প্রতিক্রিয়ার জন্য DCSD কৃতজ্ঞ। এই প্রক্রিয়াটিতে প্রায় 15 বছরের মধ্যে প্রথমবারের মতো ভবন, সীমানা এবং প্রোগ্রামগুলি পুনর্গঠনের অনুমতি দেওয়া হয়েছে। জনসংখ্যাগত পরিবর্তন ও অসম সম্পদের ব্যবহার এবং বরাদ্দ শিক্ষার্থীদের সাফল্য উন্নত করার জন্য পরিকল্পনার প্রয়োজনীয়তা জানা যায়।

24 মাসের SAP প্রক্রিয়া অনুসরণ করে, E-SPLOST পরিকল্পনার সাথে সামঞ্জস্য করতে এবং আর্থিক দায়িত্ব নিশ্চিত করতে DCSD প্রতি পাঁচ বছরে স্কুলের সীমানা পর্যালোচনা করবে। লক্ষ্য হল উচ্চমানের শিক্ষা প্রদান করা যা শিক্ষার্থীদের কলেজ, কর্মজীবন, উদ্যোগ্তা বা সামরিক পরিষেবার জন্য প্রস্তুত করবে এবং এর চূড়ান্ত সুপারিশ 2026 সালের মার্চের মধ্যে পাওয়ার সম্ভাবনা আছে।

আসন্ন সম্মিলিত সভায় চারটি আঞ্চলিক কমিটির জন্য একটি ডিস্ট্রিক্ট কমিটি বুধবার, 26 ফেব্রুয়ারি, স্টোন মাউন্টেনের, সন্ধ্যা 6:30 থেকে রাত 8:30 পর্যন্ত বৈঠকে বসবে। স্কুলেন্ট অ্যাসাইনমেন্ট প্রজেক্ট সম্পর্কে সভার ভিডিও এবং আরও তথ্য [dekalbschoolsga.org/SAP](http://dekalbschoolsga.org/SAP) ওয়েবসাইটে পাওয়া যাবে।